অরবট অটো অফ

সমস্যা-সমাধান.

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

ইনশাআল্লাহ আজ থেকে অরবট সমস্যা চিরতরে খতম হয়ে যাবে। দীর্ঘদিন থেকে আমরা যারা এই সমস্যায় ভুগছি, বিষয়টি নিয়ে দুশ্চিন্তা করে করে ক্লান্ত হয়েছি তাদের জন্য আলহামদুলিল্লাহ, আমরা নিয়ে এসেছি ডজনখানেক সমাধান ! তাহলে আর দেরী না করে চলে যাচ্ছি সমস্যার সমাধানে..

- প্রথমত নিচের সমাধানগুলো স্বাভাবিকভাবে ধীরে ধীরে সম্পাদন করতে হবে। দেখবেন অনেক সহজ। আল্লাহ, আসান করুন।
- কাজগুলো করার সকল অপশন সব ধরনের মোবাইলে নেই। তো যেগুলো কমন, সাধারণত সব মোবাইলেই থাকে, সেগুলো করে নিবেন।
- ধাপ (১.২.৩.৯.১০.১১.১২.১৩.১৪) এগুলো কমন পয়েন্ট । আর বাকীগুলো খুঁজে না পেলে মন খারাপের কিছু নেই।
- (পয়েন্ট ১.৪.৫.৬.৭.৮) কাজগুলো আপনার মোবাইল সেটিংস থেকেই করে নিতে হবে। সেটিংসে গিয়ে অপশনগুলো না পেলে উপরে সার্চ বক্স থেকে সেগুলো খুঁজে নিবেন।
- (battery optimize, Battery manager, unrestricted data--এগুলো সার্চ অপশনে বসালেই ঝড়ের গতিতে এসে পড়বে)
- হুবহু একই সেটিংস না পেলে বুঝবেন ঐ অপশন'টা আপনার মোবাইলে নেই। (মোবাইল কোম্পানি দয়া করে ঐ কাজটা আপনার জন্য কমিয়ে দিল)
- সেটা না থাকার মানে আপনার অরবট সমস্যার সমাধান হবে না,বিষয়টা এমন নয়।

- **ধাপঃ- ১. নেট কানেকশন।**
- **সর্বপ্রথম_আমরা মোবাইলের নেট কানেকশন যথাসাধ্য ক্লিয়ার করে নেব, ইনশাআল্লাহ। এক্ষেত্রে আমরা setting> mobile network> access point names> apn Protocol> এখানে "apv4/apv6" সিলেক্ট করে দিব। তারপর একই নিয়মে apn roaming Protocol থেকে**

"apv4/apv6" সিলেক্ট করে নেট কানেকশন অটো করে নেব। কারণ অনেকসময় নেটওয়ার্ক দুর্বলতার কারণেও কানেকশন লস্ট হয়।

- ধাপঃ- ২. আপডেট ভার্সন।
- আমরা সর্বদা অরবটের আপডেট ভার্সন'টা ইউজ করব, ইনশাআল্লাহ. তবে পুরাতন কিছু কিছু সেটে আপডেট ভার্সনের চেয়ে ওল্ড ভার্সনই ভালো কাজ করে। তো এক্ষেত্রে আমরা প্রথমে নিউ ভার্সন দিয়ে নিচের সবগুলো পয়েন্ট অনুসরণ করব। কাজ না হলে অরবটের **old** ভার্সন ইউজ করব, ইনশাআল্লাহ।

- ধাপঃ-৩.**NO NETWORK AUTO SLEEP**
- আমরা অরবটের সেটিংস থেকে এই টিকচিহ্ন'টি তুলে দিব। এই কাজটি অরবটকে লক স্ক্রিনে এবং মোবাইলের ডিসপ্লে যখন আলোহীন/বন্ধ হয়ে যায়, তখন অরবটকে ব্যাকগ্রাউন্ডে চলতে সহায়তা করে।

*(সেটিংস খুঁজে পেতে অরবটের উপরের ডানে "থ্রি ডট মেনু" বা তিনবিন্দু'তে ক্লিক করলে সেটিংস অপশন আপনার সামনে হাজির হবে। সেটিংসে ক্লিক করে একদম নিচে গিয়ে **NO NETWORK AUTO SLEEP** টিকচিহ্ন উঠিয়ে দিবেন। যতবার অরবট ওপেন / ইনস্টল করবেন, ততবার+ততবার একই কাজ কষ্ট করে করে নিবেন, ইনশাআল্লাহ)*

- ধাপঃ- ৪. ব্যাটারি ম্যানেজার
- আমরা ব্যাটারি ম্যানেজার থেকে অ্যাপ দুটিকে মুক্ত করে নেব অথবা ব্যাটারি ম্যানেজার'কে সম্পূর্ণরূপে অফ করে দেব।

(এই অপশন'টি বেশিরভাগ মোবাইলেই থাকে)

- ধাপঃ-৫. ব্যাটারি অপ্টিমাইজ।
- আমরা অরবট এবং কনভার্সন উভয়টি সফটওয়্যার থেকে ব্যাটারি অপ্টিমাইজ বন্ধ করে নেব। শুধু একটি থেকে না। বরং উভয়টি সফটওয়্যার থেকেই ব্যাটারি অপ্টিমাইজ অফ করে নেব।

- ধাপঃ- ৬. **UNRESTRICTED DATA...**

- app & notification > special app access > unrestricted data থেকে অরবট এবং কনভার্সন সিলেক্ট করে নেব। যাতে সফটওয়্যার দুটি অসীম ডাটা ব্যবহারের সুযোগ পায়। কারণ, অরবট-কনভার্সনে ডিস্টার্ব দেওয়ার একটি কারণ ব্যাটারি অপ্টিমাইজ আর আরো একটি কারণ এই ডাটা ম্যানেজার।

- ধাপঃ- ৭. UNRESTRICTED APPS...
- settings > battery usage > unrestricted apps সিলেক্ট করে নেব। অর্থাৎ restricted apps যেন সিলেক্ট না থাকে বরং unrestricted apps সিলেক্ট করে নেব।

- ধাপঃ- ৮. POWER INTENSIVE APPS.
- উপরের সবকিছু সঠিকভাবে করার পর আপনার সেটে যদি power intensive apps পয়েন্ট'টি থেকে থাকে তাহলে একবার দেখে নেবেন আপনার কনভার্সন অ্যাপটি power intensive apps এই লিস্টে দেখাচ্ছে কি না।

(এই তিনটি অপশন অল্প কিছু মোবাইলে থাকে। খুঁজবেন ভালোভাবে। না পেলে সমস্যা নেই)

- ধাপঃ- ৯. কান্ট্রি কোড সিলেক্ট/কান্ট্রি সিলেক্ট
- অরবটে কান্ট্রি কোড সিলেক্টের ক্ষেত্রে আমরা যে কোনো একটি দেশ সিলেক্ট করে নেব। auto রাখতে পারি তবে কোনো একটি কান্ট্রি সিলেক্ট করে নেওয়াই বেটার।

(অরবটের ভেতরে global (auto) এ অপশনে ক্লিক করে যেকোন একটি কান্ট্রি সিলেক্ট করে নেবেন)

- ধাপঃ- ১০. VPN কানেক্ট
- আমরা সহজের জন্য কনভার্সনে vpn কানেক্ট দিয়ে রাখতে পারি। শুধু কনভার্সনে। অন্য কোনো অ্যাপে নয়। এতে অরবট অতি দ্রুত স্টার্ট নিবে এবং স্টার্টের সময় কোনো ঝামেলা করবে না, ইনশাআল্লাহ।

(অরবটের ভেতরে vpn disabled এ ক্লিক করে আপনার প্রিয় কনভারসন অ্যাপের আইকনের নিচে টিক দিয়ে ব্যাক করুন, এবং অবশ্যই অরবটের vpn mode চালু করে/ অন করে নিবেন। তারপর vpn request আসলে একসেপ্ট করে দিন,দেখবেন vpn disable এর জায়গায় conversation অ্যাপের আইকন'টি শো করছে)

- ধাপঃ- ১১. নোটিফিকেশন বার।
- আমরা এবিষয়টির প্রতি খুবই লক্ষ্য রাখব। দুর্বল সেটগুলোতে এমনকি ক্ষেত্রবিশেষ দামী ডিভাইসগুলো'ও এই সমস্যার কবলে পড়ে। এটা সাধারণত মোবাইলের সি পি ইউ / হার্ডওয়ার দুর্বল হওয়ার কারণে হয়ে থাকে। এ সমস্যার *কার্যকরি একটি সমাধান* হলো, নোটিফিকেশন বারে সর্বোচ্চ তিনটি নোটিফিকেশন রাখা। ক্ষেত্রবিশেষ চারটি নোটিফিকেশনও রাখা যেতে পারে। অরবট এবং টর তো যতক্ষণ চালু থাকে ততক্ষণ নোটিফিকেশন বার এদুটি সফটওয়্যার'ই দখল করে রাখে। তো দেখা যায়, আমরা অনেক সময় এমন কিছু সফটওয়্যার ইউজ করি, যে সফটওয়্যার'গুলোও সর্বদা মোবাইলের উপরের সাটারে/ নোটিফিকেশন বারে দেখা যেতে থাকে। শো করতে থাকে। তো এই স্থানে আমরা টর-অরবট সহ সর্বোচ্চ তিন/চারটি সফটওয়্যার রাখতে পারি। অন্যথায় দুর্বল সেটে এখান থেকে যেকোন এক/দুটি সফটওয়্যার অটোমেটিক অফ হতে বাধ্য।

- *১২। আবার কিছু কিছু দুর্বল*
- *মোবাইলে টর অরবট একসাথে কাজ করতে চায় না। সে ক্ষেত্রে আমাদেরকে একটি থেকে ফারিগ হয়ে অপরটি ব্যবহার করতে হবে।*

- ধাপঃ১৩.**FORCE STOP CLEAR DATA**
- অরবট কখনো কখনো ঠিকমতো কাজ করতে চায় না। তখন আমরা **force stop** দিতে পারি। কখনো কয়েকবার **force stop** দেওয়ার পরও ঠিক না হলে আমরা **clear data** দিয়ে অ্যাপটিকে আবার নতুনভাবে শুরু করতে পারি।

- ধাপঃ- ১৪. রিলোড সতর্কতা।
- কখনো কখনো টরে/ অরবটে রিলোড দেওয়ার প্রয়োজন পড়ে। তো এক্ষেত্রে আমরা যখন রিলোড দেওয়ার প্রয়োজন শুধু তখনই রিলোড দেব। বারবার রিলোড দিলে অনেক সময় নতুন কানেকশন পেতে দেরি হয়। তো রিলোডের *একটি উপযুক্ত স্থান* হলো, অনেকসময় দেখা যায়, অরবট চালু করার পর অরবট চালু দেখাচ্ছে, কিন্তু চ্যাট কানেকশন সাধারণ সময়সীমা পেরিয়েও কানেক্ট হচ্ছে না। তখন আমরা উপরের নোটিফিকেশন বার চেক করতে পারি। যদি সেখানে দেখা যায় যে, **upload - download kb/mb** মিটার উঠানামা করছে না, বরং স্থির হয়ে আছে, তখন আমরা রিলোড দিয়ে অ্যাপটিকে সচল হতে সাহায্য করতে পারি।

প্রয়োজনে পিটিঃ- এখানে ক্লিক করুন

আল্লাহ আমাদেরকে কবুল করুন। আমীন।